দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় জালিয়াতি

■ জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান (স্নাতক) শ্রেণীর 'বি' ইউনিটের পরীক্ষায় ভর্তিচ্ছু এক ছাত্রীর ভুয়া বাবা পরিচয় দেওয়ায় এক যুবককে পুলিশে সোর্পদ করেছে প্রশাসন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল শুক্রবার মো. মুক্তার হোসেন নামের ওই যুবককে আটক করে প্রক্টরিয়াল বডি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, ভর্তিচ্ছু এক ছাত্রীর প্রবেশপত্র নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন না করায় গতকাল সকালে আইটি অফিসে আবেদন করেন মুক্তার হোসেন। তিনি ওই ছাত্রীর বাবা পরিচয় দেন। পরে ওই যুবকের জাতীয় পরিচয়পত্রের সঙ্গে ছাত্রীর পৃষ্ঠা ১৯ কলাম ১

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

আবেদনপত্রের লেখা বাবার নাম মিল না থাকায় তাকে আটক করে প্রক্টরিয়াল বডি কোতয়ালী থানায় সোর্পদ করে। জবি প্রক্টর ড. নূর মোহাম্মাদ বলেন, প্রশাসন সর্বোচ্চ সতর্ক থাকায় ভর্তি পরীক্ষায় অন্য কোনো ধরনের জালিয়াতির ঘটনা ঘটেনি।

শুক্রবার বিকেল তিনটায় বিশ্ববিদ্যালয়ের 'বি' ইউনিটের (কলা ও আইন অনুষদ এবং আইইআর) মাধ্যমে ক্যাম্পাসসহ রাজধানীর ১৫টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার 'বি' ইউনিটে ৬৭০টি আসনের (মানবিক-৪১৪, বিজ্ঞান- ১৫১, বাণিজ্য ও অন্যান্য-১০৫) বিপরীতে ৩৬ হাজার ২২৫ শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বে প্রায় ৫৪ শিক্ষার্থী। প্রায় শতভাগ ভর্তিচ্ছু শিক্ষার্থী পরীক্ষায় উপস্থিত ছিল বলে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এদিকে আজ শনিবার বিকেলে তিনটায় 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার 'ই' ইউনিটের (চারুকলা, সংগীত এবং নাট্যকলা বিভাগ) ১২০টি আসনের বিপরীতে দুই হাজার ২৭ শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বে প্রায় ১৭ শিক্ষার্থী। ভর্তি সংক্রান্ত বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের নোটিছ বোর্ড ও ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে।